

English Literature

(Online Class)

Class Lecture-3

The Romantic Period

প্রয়োজনীয়
তথ্যগুলো খাতায়
নোট করে
রাখবে।
বিস্তারিত গল্প
ক্লাসে বলা হবে।

By:

Sharif Hossain Ahmad Chowdhury

BA (Hons), MA in English, BEd (Professional)

MM (Al Hadith), MBA in Mgt Studies (DU)

**Author: A Handbook on English Literature & Viva
Academic Adviser & Senior Teacher, BCS Oditi**

Presently working under the Ministry of Education

Follow:  sharif_bmc@yahoo.com; 01728-395949 (sms)

The Romantic Period

Duration: 1798-1832

যে কথা না বললেই নয়

ফরাসী বিপ্লব, উত্তাল ইউরোপ এবং ইংরেজি কবিতার রোমান্টিক যুগ

বিশ্ব ইতিহাসে নাড়া দেয়া কয়েকটি ঘটনার মধ্যে ফরাসী বিপ্লব অন্যতম। ফরাসী বিপ্লবের চেউ ইউরোপের সকল উপনিবেশ ছাড়াও ফ্রান্সের সবচেয়ে কাছের প্রতিবেশী এবং আজীবন প্রতিপক্ষ গ্রেট ব্রিটেনকে সবচেয়ে বেশি নাড়া দিয়েছে। শিল্প সাহিত্য ও রাজনীতির জগতে এটা প্রথম দিকে বেশ ঝাঁকি দিয়েছিল। ইংরেজি রোমান্টিক যুগের পেছনে সবচেয়ে শক্তিশালী রাজনৈতিক অনুপ্রেরণা ও অনুসঙ্গ হচ্ছে ফরাসী বিপ্লব। বেশিরভাগ রোমান্টিক কবি ও লেখকদের ইমার্জিনেশন (কল্পনা) দখল করে রেখেছিল ফরাসী বিপ্লবের ঘটনাবলী ও বিপ্লবের ধারণা। বিপ্লবের প্রথম দিকে একমাত্র এডমান্ড বার্ক (See at page 81) ছাড়া সবাই সেটিকে সমর্থন ও সহমর্মিতা প্রকাশ করেছিল। রবার্ট বার্নস, উইলিয়াম ব্ল্যাক, ওয়ার্ডসওয়ার্থ, কোলরিজ, সাউদি এবং ম্যারি ওলস্টোনক্রাফ্ট ছিলেন ফরাসী বিপ্লবের কঠিন সমর্থক। কিন্তু বিপ্লব পরবর্তী ভয়ংকর ঘটনাবলী তাদের পরের প্রজন্মকে বীতশ্রদ্ধ করে ফেলেছিল। এ ধারার মধ্যে পড়েন হ্যাজলিট, লি হান্ট, শ্যালী ও বায়রন। বিপ্লবের অনেক ভুল-ত্রুটি সত্ত্বেও ফরাসী বিপ্লব সর্বব্যাপী আশাবাদ ছড়িয়ে দেয় পুরো ইউরোপে। তারা বিশ্বাস করতে শুরু করে পুরনো জরাবীর্ণ সমাজের শেষ দেখা যায় এবং নতুন সমাজ নির্মাণ করা যায়।

ফরাসী বিপ্লবের শিশু নেপোলিয়ন (See at page 130) যৌবনে পৌঁছে ইউরোপে নতুন অর্ডারের আগমনী বার্তা দেন। প্রায় কমবেশি একযুগ সময়ে নেপোলিয়ন পুরো ইউরোপকে আরও শক্তিশালী ঝাঁকি দেন। ইতালী, স্পেন, পর্তুগাল জয় করেন; শক্তিশালী অস্ট্রিয়ান সাম্রাজ্যকে করতলে নিয়ে আসেন। প্রিয় শত্রু *দোকানদারদের দেশ* (Country of Shoppers) ইংল্যান্ডকে পরাজিত করার চেষ্টা চালান। ফরাসী বিপ্লবের পর থেকে শুরু করে ১৮১৫ সালে নেপোলিয়নের পতনের আগ পর্যন্ত এই যে আড়াই দশক তখন গ্রেট ব্রিটেন কিন্তু বসে থাকেনি। ব্রিটিশ রাজ সর্বোচ্চ শক্তি প্রয়োগ করে ব্রিটিশ ভূখণ্ডে ফরাসী বিপ্লবের কুপ্রভাব ঠেকিয়েছে। ফরাসী বিপ্লবের সমসাময়িক সেই বছরগুলোতে ব্রিটেনেও অনেক ভিন্ন রাজনৈতিক মতাদর্শ ছিল কিন্তু ব্রিটিশ রাজ তাদেরকে ভয়ানক নিয়ন্ত্রণে রাখতে সক্ষম হয়েছে। তখন নাটক থিয়েটারসহ বিভিন্ন রাজনৈতিক মতাদর্শ প্রচার, প্রসার এবং বিকাশের জায়গাগুলোতে নিয়ন্ত্রণ আরোপ করা হয়।

5. The Romantic Period

Duration: 1798-1832 (মতান্তরে ১৭৮৫-১৮৩০)

সাধারণ ক্লাসিসিজম এবং নব্য-ক্লাসিসিজমের নিয়মানুবর্তিতা, সৌষ্ঠব, ভারসাম্য, আদর্শিকতা, স্থিরতা এবং যৌক্তিকতাকে বর্জনের মাধ্যমে রোমান্টিকতার উদ্ভব ঘটেছিল। রোমান্টিকতার মূল প্রতিপাদ্য ছিল যুক্তিহীনতা, কল্পনা, স্বতঃস্ফূর্ততা, আবেগ, দৃষ্টিভঙ্গি এবং লৌকিকতা বহির্ভূত স্বজ্ঞা। রোমান্টিক সাহিত্যিকদের অনেকে সাদা খাতা সামনে রেখে মনে যা আসত তা-ই লিখে যেতেন। সাহিত্যের উৎস হিসেবে চেতন মনের তুলনায় অবচেতন মনকে প্রাধান্য দিতেন।

- ✓ এ যুগকে বলা হয়- The Golden Age of Lyric (গীতি কবিতা)/ Age of Revolution; এ সময় ইংরেজি কবিতা তার সর্বোচ্চ চূড়ায় পৌছে। *See 'Lyric' at 226
- ✓ Slogan: Art for Art's Sake (শিল্পের জন্য শিল্প; অর্থাৎ শিল্প সৃষ্টির পেছনে কোন নৈতিক উদ্দেশ্য নেই। তবে Neoclassical যুগে এটি ছিল: Art for Man's Sake। (see at page 68)

Romanticism এর সংজ্ঞা:

It is not only imitation but creation with the help of imagination.
(রোমান্টিসিজম হলো, কোন কিছু অন্ধ অনুকরণ না করে কল্পনাশক্তির সাহায্যে নতুন কিছু সৃষ্টি করা)

এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

➤ ইংরেজ সিভিলিয়ানদের ভারতীয় ভাষা ও বিভিন্ন বিষয়াদি শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে ৪ মে, ১৮০০ সালে গভর্নর জেনারেল লর্ড ওয়ালেসলি কর্তৃক রাজা উইলিয়ামের নামানুসারে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। এখান থেকেই ধারাবাহিকভাবে বাংলা গদ্য রচনা ও চর্চার সূত্রপাত হয়। ১৮১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত বাংলা গদ্যের ক্ষেত্রে এই কলেজের অবদান ইতিহাস খ্যাত। শেষ দিকে বিদ্যাসাগরের মতো ব্যক্তিত্ব এখানে বাংলা বিভাগের অধ্যক্ষ ছিলেন।

➤ In 1801, Ireland was united with England. অর্থাৎ ১৮০১ সালে রাজা ওয়ালেসলি আমলে (রাজত্বকাল ১৭৬০-১৮২০) হোট বিটেন ও আয়ারল্যান্ড একত্র হয়ে United Kingdom (যুক্তরাজ্য) গঠিত হয়।

(১৯২২ সালে আয়ারল্যান্ড স্বাধীনতা লাভ করলে বর্তমানে UK বলতে- ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও উত্তর আয়ারল্যান্ডকে বুঝায়)

➤ ১৮০৫ সালে ফ্রান্সের বিরুদ্ধে ব্রিটিশ নৌবাহিনীর জয়কে স্মরণীয় করে রাখতে লন্ডনের কেন্দ্রস্থলে বিখ্যাত ট্রাফালগার স্কয়ার নির্মিত হয়। উল্লেখ্য, ট্রাফালগার যুদ্ধে ইংল্যান্ডের নৌ সেনাপতি নেলসনের কাছে ফ্রান্স এবং স্পেনের মিলিত বাহিনী পরাজিত হয়। কিন্তু নেলসন নিজে গুলিবিদ্ধ হয়ে মারা যান।



The four countries of the UK

ট্রাফালগার
স্কয়ার →




- ১৮১৫ সালে ওয়াটার লু'র যুদ্ধে নেপোলিয়ন ব্রিটেনের কাছে পরাজিত হয়ে আটলান্টিকের এই সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন। *See at page 130
- ১৮২৯ সালে লর্ড বেন্টিঙ্ক উপমহাদেশে সতীদাহ প্রথা বিলোপ করেন।
- **Akbar Shah II (1806–1837) became a British pensioner after the defeat of the Marathas, who were the protector of the Mughal throne, in the Anglo-Maratha wars. Under East India Company's protection, his imperial name was removed from the official coinage after a brief dispute with the British East India Company.**
- In 1830, Train was introduced in England. (তবে লর্ড ডালহৌসি ১৮৫৩ সালে উপমহাদেশে রেল ব্যবস্থা চালু করেন।)
- ১৮৩১ সালে কর্নেল স্টুয়ার্টের নেতৃত্বে তিহুমীরের বাঁশের কেলা ধ্বংস করা হয়।

Pioneers (পথিকৃৎ) of Romanticism:

- i) William Wordsworth
- ii) S.T. Coleridge

- ✓ 1798 সালে তাদের প্রকাশিত **Lyrical Ballads** নামক কাব্যগ্রন্থ প্রকাশের মধ্য দিয়ে ইংরেজি **Romantic Period** এর যাত্রা শুরু হয়।



(এই গ্রন্থে কবিদ্বয় প্রমাণ করেছেন যে, একেবারে সাধারণ মানুষের ভাষায়ও কবিতা লেখা যায়। পূর্ববর্তী নিপুণায়িত যুগে কবিতায় জায়গা পেত বীরযোদ্ধা, রাজা-রানী ও অভিজাত মহলের বাসিন্দারা)

উল্লেখ্যঃ Ballad শব্দের অর্থ গীতি-কাহিনীকাব্য। এটি এমন একটি কাহিনী/ গল্প নির্ভর গান যেটি অলিখিত অবস্থায় লোকের মুখে-মুখে চলে এসেছে। এ যুগের মত সংক্ষিপ্ত সময়ে এত প্রতিভাবান কবিদের একসাথে সমাগম এর আগে দেখা যায়নি। *See at page 219

Romantic Age এর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য:

- Subjectivity [কবিতায় 'I' এর ব্যবহার, তথা কবির ব্যক্তিগত আবেগ অনুভূতি প্রকাশ]
- High Imagination
- চাষা-ভূষা, মুটে-মজুর, শিশু ও ভবঘুরে থেকে শুরু করে নিম্নবিত্ত ও মধ্যবিত্ত সমাজের মানুষের মুখের ভাষাকে কবিতার ভাষায় নিয়ে আসার প্রচেষ্টা।
- Love for nature, beauty, common people, common language, supernaturalism (অতি প্রাকৃতবাদ) etc.
- ✓ রোমান্টিক যুগ পুরো ইউরোপের জন্য যেমন উত্তাল ছিল তেমনি ব্রিটেনের জন্যও। কৃষিভিত্তিক সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থা থেকে শিল্প ও পুর্জিভিত্তিক সমাজব্যবস্থায় প্রবেশ করছিল ব্রিটেন। শিল্প বিপ্লব এবং সে সময়ে তিনটি গুরুত্বপূর্ণ আবিষ্কার মানুষের জীবনে অভূতপূর্ব পরিবর্তন নিয়ে আসে। সেগুলো হচ্ছে **জেমস ওয়াটের স্টিম এঞ্জিন, স্টিফেনসনের রেলওয়ে ও আর্করাইটের সূতার কল।**

✓ রোমান্টিক কবিদের মধ্যে কয়েকটি গ্রুপ, ধারা, স্কুল বা ব্লক ছিল। যেমন ওয়ার্ডসওয়ার্থ ও কোলরিজ ছিলেন **দ্য লেক স্কুল**। রবার্ট সাউদি, লেই হান্ট, হাজলিট ও জন কীটসকে **দ্য ককনি (Cockney) স্কুল** এ ফেলানো হতো যা লন্ডনি কবি লেখকদেরকে খুবই নিন্দার্থে ব্যবহার করা হতো। আর বায়রন, শেলী ও তাদের অনুসারীদের **দ্য স্যাটানিক স্কুল** এ ফেলানো হতো।



The **Lake District** is a mountainous region in North West England. A popular holiday destination, it is famous for its lakes, forests and mountains, and its associations with William Wordsworth and other Lake Poets. It was designated a UNESCO World Heritage Site in 2017.

The Lake Poets

The **Lake Poets** were a group of English poets who all lived in the Lake District of England, United Kingdom, in the first half of the nineteenth century. As a group, they followed no single "school" of thought or literary practice then known. They are considered part of the Romantic Movement. The three main figures of what



has become known as the Lakes School were **William Wordsworth, Samuel Taylor Coleridge, and Robert Southey**. They were associated with several other poets and writers, including Dorothy Wordsworth, Charles Lamb, Mary Lamb, Hartley Coleridge, and Thomas De Quincey.

Romantic Period এর কয়েকজন গুরুত্বপূর্ণ সাহিত্যিক:

1. William Wordsworth: (1770-1850)

ওয়ার্ডসওয়ার্থ নিয়ে একটা কথা মনে রাখতে হবে যে তিনি তার শ্রেষ্ঠ কীর্তিগুলো জীবনের প্রথমার্ধেই লিখে ফেলেছিলেন। তার দীর্ঘ জীবনের শেষার্ধে (ভিক্টোরীয় যুগে) আসলে তেমন কোন কীর্তি রেখে যেতে পারেননি প্রথমার্ধের স্মৃতি রোমন্থন ছাড়া।

ওয়ার্ডসওয়ার্থের উপাধি:

- **Poet of Nature** (কবি শেলি তাকে এই উপাধি দেন)
- Poet of Childhood
- Lake Poet
- Pioneer of Romantic Movement
- Believer in **Pantheism** (প্রকৃতির মাঝে মহান সৃষ্টিকর্তা বিরাজমান)



মনে রাখুন:

- * Pantheist (সর্বেশ্বরবাদী)- Everything is God
- * Monotheist (একেশ্বরবাদী)- Everything is God's
- * Polytheist- (বহু ইশ্বরবাদী)

✓ Pantheism (সর্বেশ্বরবাদ) হল এমন একটি বিশ্বাস যাতে সম্পূর্ণ এ মহাবিশ্বকে তথা পরিবেশ প্রকৃতিকে ঈশ্বর-সম বলে গণ্য করা হয়, অথবা আমাদের আশেপাশে পরিবেষ্টিত সকল বস্তুর ভেতরেই ঈশ্বর অন্তর্নিহিত রয়েছেন ব'লে মনে করা হয়। সর্বেশ্বরবাদীরা তাই কোন পৃথক স্বতন্ত্র ব্যক্তি ঈশ্বরে বিশ্বাস করে না। কিছু এশীয় ধর্মকে সর্বেশ্বরবাদের অনুগামী ব'লে মনে করা হয়। হিন্দুধর্ম, আলেলিবাদ, শিন্তৌ ধর্ম, তাওবাদ এবং খ্রিস্টধর্ম ও ইহুদিধর্মের কিছু শাখায় সর্বেশ্বরবাদের উপস্থিতি রয়েছে।

- ✓ He became a Poet Laureate in 1843 after the death of poet Robert Southy. (**Poet Laureate** মানে 'সভাকবি'/ **court poet of England**; তবে তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা লাভ করেন)
- ✓ ইংরেজি সাহিত্যে রোমান্টিক ধারার প্রবর্তক ওয়ার্ডসওয়ার্থের সাথে বাংলা সাহিত্যের **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের** মিল পাওয়া যায়।
- ✓ তিনি পেশায় একজন আইন ব্যবসায়ী ছিলেন। তাকে Oxford বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক Doctor of Civil Law ডিগ্রি দেয়া হয়।
- ✓ Wordsworth এর একমাত্র নাটক: **The Borderers**
- ✓ **The Prelude** (প্রিলিউড) **or, Growth of a Poet's Mind**; নামে তিনি একটি Poetic Autobiography (কাব্যে রচিত আত্মজীবনী) লিখেন। শিশুকাল থেকে নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে নিজের কবিসত্তার বিকাশের ইতিহাস নিয়ে এ বিশাল আত্মজৈবনিক কাব্যকর্মটি রচিত হয়েছে।

Famous book of poems (কাব্যগ্রন্থ):

- **Lyrical Ballads** - এতে মোট ২৩টি কবিতা রয়েছে।
(১৯টি Wordsworth এর; ৪টি তার বন্ধু Coleridge এর)

Famous poems of Wordsworth:

- **Daffodils** (*I wandered lonely as a cloud-* এটি **Simile** (সিমিলি) এর উদাহরণ;
The comparison of unlike things using the words like or as known to be- simile) *See at page 242
◆ এই কবিতায় কবি Daffodil দ্বারা বুঝিয়েছেন- *Nature has a healing power to a sorrow stricken heart.* (অর্থাৎ প্রকৃতির নিরাময় ক্ষমতা আছে)
- **Tintern Abbey** (মূল নাম: **Lines Composed a Few Miles above Tintern Abbey, On Revisiting the Banks of the Wye during a Tour.** টিনটার্নের মঠ, Wye নদীর তীরে একটি মঠের নাম Tintern. এ কবিতায় কবি নিজেকে worshiper of nature হিসেবে আখ্যায়িত করেছেন। মনে রাখুন: ১৫৬০ সালে রানী এলিজাবেথ নির্মিত লন্ডনের একটি চার্চের নাম Westminster Abbey)



- **The Solitary Reaper**
(একাকী শস্য আহরণকারী; এ কবিতায় কবি স্কটল্যান্ডের পার্বত্যাঞ্চলের পাহাড়-অরণ্য ঘেরা একটি ফসলি মাঠে, প্রকৃতির অকৃত্রিম সৌন্দর্য ছাড়িয়ে নির্জন, নিরালায় যে পাহাড়ি তরুণীর ফসল কাটা আর করণ সুরে গান গাওয়ার ছবি এঁকেছেন, তা তুলনাহীন। কোকিল কণ্ঠকেও ছাড়িয়ে যাওয়া সেই তরুণীর সুরের ধমকে যেন সাগর-নদীরাও ঘুম থেকে লাফিয়ে ওঠে)
- **Ode on Immortality** (অমরত্বের গান)
Ode: Intimations of Immortality from Recollections of Early Childhood'-
কবিতাটি শুরু হয় বক্তা তার যৌবন হারানোর শোক এবং প্রাকৃতিক জগতের সাথে তার গভীর সংযোগের জন্য। He tries to touch the emotion of the past but is unable. There's always something missing. কবি ঘোষণা করেছেন যে মানব জীবন নিছক "একটি ঘুম এবং ভুলে যাওয়া"।

➤ Michael (মাইকেল)

The story involves an aged father, Michael, and his younger wife, Isabel. The couple has one son, Luke, whom they raise lovingly to take over their property with devotion to the simple ideals they have lived by. মাইকেল তার অধিক জমি হারিয়েছিলেন যখন তিনি এটিকে আর্থিক দুর্দশাগ্রস্ত ভাতিজার জন্য জামিন হিসাবে ব্যবহার করেছিলেন। যখন লুক ১৮ বছর বয়সে পৌঁছায়, মাইকেল লুককে লন্ডনে একজন বণিকের সাথে থাকতে পাঠায় যাতে সে একটি ব্যবসা শিখতে পারে এবং মাইকেল যে জমি হারিয়েছে তা ফিরে পাওয়ার জন্য পর্যাপ্ত সম্পদ অর্জন করতে পারে। লুককে দূরে পাঠানোর জন্য মাইকেলের হৃদয় ভেঙে যায়। কিন্তু লুক শহরে নষ্ট হয় এবং তাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য করা হয় এবং মাইকেলকে তার জীবনযাপন করতে হয়।

➤ Written in March

এটি একটি প্রকৃতিকেন্দ্রিক কবিতা যা পরিবর্তনশীল ঋতুর সৌন্দর্য তুলে ধরার চেষ্টা করে। কবিতাটি যুদ্ধের সময় লেখা হয়েছে যেখানে ঋতুর সাথে মানুষের জীবন পরিবর্তন হচ্ছিল।

➤ Revolution and Independence

➤ Rainbow (or My Heart Leaps Up)

This poem begins with a reference to a rainbow. ওয়ার্ডসওয়ার্থ যখনই এটি দেখেন, তখনই তাঁর হৃদয় উদ্দীপনা ও শক্তিতে ভরে ওঠে। ছোটবেলায় তার হৃদয়ে যে আনন্দের অনুভূতি ছিল তা নয়। একজন প্রাপ্তবয়স্ক হিসাবে, তিনি এখনও একটি রংধনুর সৌন্দর্য উপভোগ করেন। *তবে **Rainbow** নামে একটি বিখ্যাত novel লিখেছেন Modern Period এর D. H. Lawrence। *See at page 149

➤ The Excursion (দ্য এক্সকারশন)

➤ Lucy Poems (লুসি নামের একটি মেয়েকে নিয়ে; Lucy is a series of five poems about an English girl who died young.)

মনে রাখুন: Robert Herrick লিখেছেন: **To Daffodils** কবিতা, তবে **Daffodils** নামে আরেকটি বিখ্যাত কবিতা লিখেছেন আধুনিক যুগের বিখ্যাত কবি টেড হিউজ।

Famous quotes of Wordsworth:

1. **Child is the father of man** (ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে; এটি **Paradox** এর উদাহরণ) *See at page 236

2. **All at once I saw a crowd, a host of golden daffodils.**
Ten thousands saw I at a glance tossing their heads
In sprightly dance. - *Daffodils* কবিতা থেকে


[আমি এক নজরে দশ হাজার ফুল দেখলাম; এটি **Hyperbole** এর উদাহরণ] *See at page 223

4. **Nature never did betray the heart that loved her.**
(প্রকৃতিকে ভালোবাসলে প্রকৃতি কখনো বিশ্বাসঘাতকতা করে না; এটি Tintern Abbey কবিতায় কবি তার বোন Dorothy কে এই উপদেশ দিয়েছেন)
5. **Poetry is the spontaneous overflow of powerful feelings.**
(সকল ভালো কবিতাই হচ্ছে শক্তিশালী অনুভূতির স্বতঃস্ফূর্ত বিচ্ছুরণ- *Preface to Lyrical Ballads*)
6. The music in my heart I bore/ Long after it was heard no more.
-The Solitary Reaper
7. The best portion of a good man's life, his little, nameless, unremembered act of kindness and love. (*Preface to Lyrical Ballads*)
8. Poetry is the breath and finer spirit of knowledge.
9. Our birth is but a sleep and forgetting. (*Ode on Immortality*)
(ক্ষণে ক্ষণে মৃত্যু আমি তাহারেই বলি)
10. Every great poet is a teacher.

11. **Let nature be your teacher.**


ওয়ার্ডসওয়ার্থের মতে Process of poetic creation হলো:

- | | |
|----------------|-----------------|
| a) Observation | b) Recollection |
| c) Meditation | d) Composition |



The four guidelines of the *Preface to Lyrical Ballads* include:

1. Ordinary life is the best subject for poetry. (Wordsworth uses common man's language.)
2. Everyday language is best suited for poetry
3. Expression of feeling is more important than action or plot
4. "Poetry is the spontaneous overflow of emotion" that "takes its origin from emotion, recollected in tranquillity." - William Wordsworth





Daffodils (I Wandered Lonely as a Cloud)

I wandered lonely as a cloud
 That floats on high o'er vales and hills,
 When all at once I saw a crowd,
 A host, of golden daffodils;
 Beside the lake, beneath the trees,
 Fluttering and dancing in the breeze.

Continuous as the stars that shine
 And twinkle on the milky way,
 They stretched in never-ending line
 Along the margin of a bay:
 Ten thousand saw I at a glance,
 Tossing their heads in sprightly dance.

The waves beside them danced; but they
 Out-did the sparkling waves in glee:
 A poet could not but be gay,
 In such a jocund company:
 I gazed—and gazed—but little thought
 What wealth the show to me had brought:

For oft, when on my couch I lie
 In vacant or in pensive mood,
 They flash upon that inward eye
 Which is the bliss of solitude;
 And then my heart with pleasure fills,
 And dances with the daffodils.

2. S.T. Coleridge: (1772-1834)

- ✓ পুরো নাম: Samuel Taylor Coleridge
- ✓ **Title:** Poet of supernaturalism
(অতিপ্রাকৃতের কবি)
- ✓ Bosom friend and literary collaborator of Wordsworth
- ✓ **Addicted to opium** (Opium eater)



Coleridge

(Keatsও মাঝেমাঝে আফিম খেতেন। তবে Exam এ আসলে Coleridge দিতে হবে। কারণ তিনি আফিমে আসক্ত ছিলেন। কোলরিজ প্রাপ্তবয়স্ক জীবনে দুর্বল স্বাস্থ্য, বাতজ্বর এবং বাইপোলার ডিসঅর্ডারে ভুগছিলেন। এসব অসুস্থতার কারণে তাকে আফিমের আরক (Laudanum) দিয়ে চিকিৎসা করা হয়েছিল। যার ফলে সারা জীবন তার মধ্যে আফিমের আসক্তি প্রতিপালিত হয়)

- ✓ **Famous book:** **Biographia Literaria** (এটি একটি সমালোচনামূলক গ্রন্থ)
- ✓ তার কবিতা পাঠ করলে পাঠকের মনে, 'Willing suspension of disbelief' তৈরি হয়। অর্থাৎ, পাঠক অবিশ্বাস্য বিষয়কে বিশ্বাস করতে শুরু করে।

Famous poems of Coleridge:

1. **The Rime of the Ancient Mariner*****

(এই কবিতায় Albatross পাখির কথা বলা হয়েছে)

- #### 2. **Kubla Khan** (a romantic poem: স্বপ্নে পাওয়া অসম্পূর্ণ কবিতা; মোঙ্গল শাসক ও চীনের সম্রাট কুবলা খানের গ্রীষ্মকালীন প্রাসাদ জানাডুর একটি বর্ণনা পড়ার পর একরাতে আফিম খেয়ে ঘুমানোর পরে তিনি এটি স্বপ্নে দেখেন)

3. **Dejection: An ode**

(It is Coleridge's exploration of despair, joy, and imagination. Lost in a terrible "dejection"—a kind of numb, colorless hopelessness—the poem's speaker reflects that, when a person is in such a mood, the whole world looks blank and empty. It takes the complex powers of the "Imagination," the speaker continues, to make the outside world feel meaningful and beautiful.)

4. **Christabel** (ক্রিস্টাবেল)

(The story of Christabel concerns a central female character of the same name and her encounter with a stranger called Geraldine, who claims to have been abducted from her home by a band of rough men.)

Quotes from *The Rime of Ancient Mariner*:

- a) 'Water, water, every where
Nor any drop to drink.' (এটি *Alliteration* এর উদাহরণ) *See at page 214
- b) 'Alone, alone, all, all alone
Alone on a wide, wide sea.' (এটি *Assosance* এর উদাহরণ) *See at page 217
- b) 'He prayth best who loveth best.
All things both great and small.' (ভাবার্থ: জীবে দয়া করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর-স্বামী বিবেকানন্দ)

দ্যা রাইম অফ দ্যা এনশিয়েন্ট মেরিনার (*The Rime of the Ancient Mariner*)

প্রসঙ্গ

'দ্যা রাইম অফ দ্যা এনশিয়েন্ট মেরিনার' এস. টি. কোলরিজ রচিত সবচেয়ে বিখ্যাত তিনটি কবিতার একটি। এটি 'লিরিকাল ব্যালাড, কাব্যগ্রন্থের ২য় কবিতা। এটি কোলরিজের সর্বশ্রেষ্ঠ ও একমাত্র সম্পূর্ণ কবিতা। এই কবিতার অনুপ্রেরণা দেন কোলরিজের বন্ধু ক্রুইকশ্যাংক, যিনি স্বপ্নে একটি জাহাজের অবয়ব দেখেছিলেন। এ কবিতার কেন্দ্রীয় উপলব্ধি হচ্ছে যে, সত্যিকারের ঈশ্বরের প্রার্থনা ঈশ্বরের সৃষ্টি কে ভালোবাসার মধ্যে নিহিত।

সংক্ষিপ্ত ঘটনাপ্রবাহঃ

একজন বৃদ্ধ নাবিক (এনশিয়েন্ট মেরিনার) এর অপরাধ এবং অপরাধবোধ। অপরাধবোধের সঙ্গে শান্তি এবং এর প্রতিটি অংশে প্রায়শ্চিত্যের দিকে একটি নতুন পদক্ষেপ নেয়া। পরিশেষে, বৃদ্ধ নাবিকের পাপমোচনের দ্বারা এর সমাপ্তি।

বিস্তারিত ঘটনাপ্রবাহঃ

তিনজন যুবক, একটা বিয়ের অনুষ্ঠানের উদ্দেশ্যে একসঙ্গে হাঁটা শুরু করে। তখন একজন বৃদ্ধ বয়সী নাবিক তাদের পথ আটকায় এবং তাদের একজনের হাত ধরে ফেলে। সেই তরুণ যুবক ক্রুদ্ধভাবে বৃদ্ধ নাবিককে তার হাত ছেড়ে দিতে বলে। বৃদ্ধ নাবিক তার হাত ছেড়ে দেয়। কিন্তু কিছুক্ষণ পরে যুবকটি বৃদ্ধ নাবিকের এর "উজ্জ্বল চোখ," উপেক্ষা করে একটুও নড়তে পারে না এবং একটি পাথর উপর বসে পড়ে এনশিয়েন্ট মেরিনারের অদ্ভুত কাহিনী শুনতে থাকা ছাড়া অন্যকিছু করতে পারে না।

It is an ancient Mariner,

And he stoppeth one of three.

'By thy long grey beard and glittering eye,

Now wherefore stopp'st thou me?

The Bridegroom's doors are opened wide,

And I am next of kin;

The guests are met, the feast is set:

May'st hear the merry din.'

He holds him with his skinny hand,

'There was a ship,' quoth he.

'Hold off! unhand me, grey-beard loon!'

Eftsoons his hand dropt he.

এনশিয়েন্ট মেরিনার সেই যুবক বিয়ের মেহমানকে তার জীবনের গল্প শোনায় যে তার যৌবনকালে একবার সে একটি জাহাজে যাত্রা শুরু করেছিল নিজদেশের বন্দর থেকে। সমুদ্র ছিল শান্ত ও প্রাণবন্ত। বিবাহ হল থেকে ভেসে আসা সংগীতের শব্দ শুনে যুবক মনে করে যে নববধূ হলে প্রবেশ করেছে, কিন্তু সে তখনো বৃদ্ধ নাবিকের এর গল্পশোনা থেকে নিজেকে সরিয়ে নিতে পারে না। মেরিনার স্মরণ করে বলতে থাকে যে, সেই যাত্রা দ্রুত অন্ধকারে ছেয়ে যায় যখন একটি দৈত্যাকার ঝড় সমুদ্র উঠে এবং দক্ষিণ দিকে জাহাজটিকে ধাওয়া করে নিয়ে যায়। দ্রুত জাহাজটি একটি হিমশীতল “কুয়াশা এবং তুষার,” এর দেশে এসে পড়ে। যেখানে সবুজ বরফ, মাঙ্গল সমান উঁচু ছিল। এই কিংকর্তব্যবিমূঢ় পরিবেশ দ্বারা জাহাজ পরিবেষ্টিত ছিল। ঠিক তখনি নাবিকরা আলবাত্রিস নামের একটি সামুদ্রিক পাখি দেখতে পায়। এটি জাহাজের চারদিকে উড়তে থাকে এবং এর কর্কশ শব্দে বরফ ভেঙে বিভক্ত হয়ে যায়। দক্ষিণ থেকে বাতাস এসে জাহাজটিকে হিমশীতল অঞ্চলের বাইরে চালিয়ে নিয়ে যায়। এটা দেখে নাবিকেরা আলবাত্রিসকে তাদের সৌভাগ্যের প্রতীক মনে করতে শুরু করে। হঠাৎ মেরিনারের মুখে বেদনার ছাপ ফুটে ওঠে এবং বিবাহের-অতিথি এটা খেয়াল করে তাকে এর কারণ জিজ্ঞাসা করলে, এনশিয়েন্ট মেরিনার স্বীকার করে যে সে তার ব্রস বো ছুড়ে আলবাত্রিস কে হত্যা করেছিল। প্রথমে অন্যান্য নাবিকেরা এমন পাখিকে মেরে ফেলার জন্য এনশিয়েন্ট মেরিনারের উপরে প্রচণ্ড রেগে ছিল। কিন্তু পরে যখন অচিরেই কুয়াশা কেটে যায়, তখন নাবিকরা নিষ্পাপ পাখিটির হত্যাকে সমর্থন করে বলে, ‘যে পাখি আসলে বাতাস বা কুয়াশা আসে তাকে হত্যা করাই শ্রেয়’। তারা বলে,

“’Twas right, said they, such birds to slay,
That bring the fog and mist.”

তারা তখন মেরিনার কে অভিনন্দন জানায়। কিন্তু তারপরেই অতি দ্রুত বাতাস থেমে যায় এবং একটি নীরব শান্ত সমুদ্রে তারা আটকা পড়ে। অতিসত্ত্বর তাদের সত্যিকারের জাহাজ যেন কোন ছবির আকা সমুদ্রের জাহাজের ন্যায় স্থির হয়ে যায় এবং তারা সবাই তীব্র পিপাসায় কষ্ট পেতে থাকে। মাথার উপরের কপারের মতো উষ্ণ রক্তাক্ত লাল সূর্য তার তাপ বর্ষণ করতে থাকে অনবরত। রাতে পচতে থাকা সমুদ্র থেকে কর্দমাক্ত প্রাণী বেরিয়ে আসে। সেখানে যেন মৃত্যু আগুনের আকৃতি নিয়ে নাচতে থাকে সবুজ, নীল, সাদা আরো নানা রং নিয়ে। তখন এটাকে মনে হয় ডাইনীর জ্বালানি তেল। পিপাসায় বৃদ্ধ নাবিকের গলা শুকনো বালুরাশির মতো খাঁ খাঁ করে। নাবিকরা ভয় ও হতাশাগ্রস্ত হয়ে তাদের দুর্দশার জন্য এনশিয়েন্ট মেরিনার কে দায়ী করে এবং গলায় আলবাত্রিসের মৃতদেহ ঝুলিয়ে দেয়।

হঠাৎ করে পশ্চিম দিগন্তে একটি ছোট রেখা দেখা দেয়। যেটি আসলে থাকে একটি ভৌতিক জাহাজ, যাতে করে মৃত্যু ও জীবন্মৃত (মহিলার বেশে) আসে এবং তাদের নিয়ে জুয়া খেলে। সেখানে জীবন্মৃত জয়ী হয়ে এনশিয়েন্ট মেরিনারকে পুরস্কার হিসেবে পায়। মৃত্যু তখন, ব্রস বো দিয়ে বাতাস কাটার মত শব্দ কর সমস্ত নাবিকদের আত্মাকে বের করে নেয়। মেরিনার কেবল তার অপরাধের জন্য আরো কঠিন শাস্তিভোগের জন্য বেঁচে থাকে একাকী নির্জন বিশাল সমুদ্রে। যেহেতু সে স্রষ্টার সৃষ্টি কে হত্যা করে স্রষ্টার প্রতিও অবমাননা করেছে, তাই সে স্রষ্টা ও তার সৃষ্টি থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। তখন হতাশ নিঃসঙ্গ মেরিনার বলে,

“Alone, alone, all, all alone,
Alone on a wide wide sea!
And never a saint took pity on
My soul in agony.”

এনশিয়েন্ট মেরিনার আফসোস করে যে এত সুন্দর মানুষগুলো জাহাজের ডেকের উপর মরে পড়ে আছে আর তার আশেপাশে হাজার হাজার কদমাজ স্যাঁতস্যাঁতে কিছু জীব ভেসে বেড়াচ্ছে। সাতদিন এবং সাত রাত ধরে সে এই দুর্বিষহ শাস্তি ভোগ করে। আর ডেকে থাকা মৃত ব্যক্তিদের খোলা চোখগুলো যেন অনবরত তাকে অভিশাপ দিয়ে যাচ্ছিল।

তারপর তার জন্যে পরিস্থিতি কিছুটা ভাল মোড় নেয়, যখন সে চাঁদের আলোতে আশেপাশের জল সাপগুলোর সাদা জ্বলজ্বলে রং এবং তাদের সমৃদ্ধ আবরণের প্রতি আকৃষ্ট হয়ে পরে। **সে তখন ওই জীবগুলোর প্রশংসা করে এবং ভালোবাসার একটি বাসনা তার হৃদয় প্রকাশ করে ওগুলোর জন্যে এবং সে তাদের অজ্ঞাতসারে আশীর্বাদ করে।** অবিলম্বে সে প্রার্থনা করতে সক্ষম হয় এবং তার ঘাড়ে বুলে থাকা মৃত আলবাত্রোসের সাগরে গিয়ে পড়ে।

এখান থেকে, প্রায়শ্চিত্ত প্রক্রিয়া চলতে থাকে। নাবিক ঘুমাতে সক্ষম হয়, এবং যখন সে ঘুম থেকে জেগে ওঠে দীর্ঘ প্রতীক্ষিত বৃষ্টি যেন কাছে এসে তাকে সাহুনা দেয়। এখন আর তার হৃদয় শুষ্ক ধূলির মতো অনুভূত হয় না। সে একটা শীতল অনুভূতি পায় মনে। একটি শক্তিশালী বাতাস শুরু হয় আর জাহাজ বাতাসের গর্জনের সাথে সাথে এগোতে থাকে। তার অন্য নাবিকদের মৃতদেহ গুলো জেগে ওঠে এবং যে যার কাজ করতে থাকে যদিও তাদের অশরীরী মনে হয় এবং তারা নিজেদের মধ্যে কোন বাক্যালাপ করে না।

বৃদ্ধ নাবিক তার নিজের দেশে ফিরে আসে এবং সে একজন পবিত্র সাধুর কাছে তার অপরাধ স্বীকার করে তার অন্তরের অনুশোচনা থেকে মুক্তি চায়। তখন সেই সাধক তাকে তার এই ঘটনা প্রত্যেক জীবিত মানুষের কাছে পৌঁছে দিতে বলে। যখনই বৃদ্ধ নাবিক নিজের অনুশোচনায় কষ্ট পেতে থাকে তখনই কোন ব্যক্তিকে এই কাহিনী শোনাতে তার কষ্ট লাঘব হয়।

অনুধাবন: মানুষ যেমন শ্রষ্টার অনবদ্য সৃষ্টি, ঠিক তেমনি শ্রষ্টাই নিজ হাতে সৃষ্টি করেছেন এই প্রকৃতি ও অন্যান্য সবকিছু। এই প্রকৃতি যে শুধু সৌন্দর্য দিতে পারে তাই না, এর উপরে আঘাত করলে এই প্রকৃতি অতিপ্রাকৃতিক বলে ভয়ংকর রূপ নিতে পারে। প্রত্যেক সৃষ্টির মধ্যেই শ্রষ্টা বিরাজমান। তার সৃষ্টি কোন জীবে অবহেলা বা ক্ষতিগ্রস্ত করা তার প্রতি দ্বিমত পোষণের মতো জঘন্য অপরাধ। তাই ঘৃণা নয়, শ্রষ্টার অন্যসব সৃষ্টিকে ভালবাসাতে হয়। শ্রষ্টার সৃষ্টিকে ভালোবাসা তাকে ভালোবাসার সমান আর যে শ্রষ্টাকে ভালোবাসে, শ্রষ্টা তাকে ভালোবাসেন। আর শ্রষ্টাকে ভালোবাসা তার কাছে প্রার্থনা করার চেয়ে কোন অংশে কম নয়। কবি বলেন,

“He prayeth best, who loveth best
All things both great and small;
For the dear God who loveth us
He made and loveth all...”

এই লাইনগুলো দিয়ে উক্ত ধারণা আরো স্পষ্ট হয়ে ওঠে। ভালবাসা এবং শ্রষ্টার সকল সৃষ্টির প্রতি সম্মান যে দেখায়, তিনি শ্রষ্টার প্রিয় প্রার্থনাকারী। শ্রষ্টা তাঁর সব সৃষ্টিকে সমানভাবে ভালোবাসে।



কুবলা খান

কুবলা খান হল স্যামুয়েল টেলর কোলরিজের লেখা একটি কবিতা। এটি সমাপ্ত হয় ১৭৯৭ সালে এবং প্রকাশিত হয় ১৮১৬ সালে। **কুবলা খান** কবিতাটির ভূমিকায় কোলরিজ লিখেছেন, মোঙ্গল শাসক ও চীনের সম্রাট কুবলাই খানের গ্রীষ্মকালীন প্রাসাদ জানাডুর একটি বর্ণনা পড়ার পর এক রাতে আফিম খেয়ে ঘুমানোর সময় একটি স্বপ্ন দেখে তিনি কবিতাটি রচনার অনুপ্রেরণা পেয়েছিলেন। ঘুম থেকে উঠে স্বপ্নের ঘোরের মধ্যেই তিনি কবিতাটি লিখতে বসেছিলেন। কিন্তু সেই সময় এক আগন্তুক উপস্থিত হলে তার লেখায় বাধা পড়ে। ২০০-৩০০ পংক্তিতে কবিতাটি রচনার পরিকল্পনা থাকলেও, কোলরিজ স্বপ্নে পরিকল্পিত পংক্তিগুলি ভুলে যাওয়ায় কবিতাটি শেষ করতে পারেননি। তিনি কবিতাটি প্রকাশও করতে চাননি। সাধারণত বন্ধুমহলে ব্যক্তিগত পাঠের জন্য কবিতাটি রেখে দিয়েছিলেন। অবশেষে, ১৮১৬ সালে লর্ড বায়রনের পীড়াপীড়িতে তিনি কবিতাটি প্রকাশ করেন। কবিতাটিকে ইংরেজি কাব্যে রোমান্টিকতাবাদের অন্যতম শ্রেষ্ঠ উদাহরণ মনে করা হয়। মূল কবিতার একটি পান্ডুলিপি লন্ডনের ব্রিটিশ মিউজিয়ামে রক্ষিত আছে।

১৭৯৭ খ্রিষ্টাব্দের সেপ্টেম্বর মাসে কোলরিজ ছিলেন ইংল্যান্ডের দক্ষিণ-পশ্চিমের নেদার স্টোওয়েতে। এই সময় তিনি নিকটবর্তী কোয়াস্টক হিলসে বন্ধু কবি উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ ও ওয়ার্ডসওয়ার্থের বোন ডরোথির সঙ্গে ভ্রমণ করে অনেক সময় অতিবাহিত করেন। তার এই ভ্রমণপথটির নাম এখন তার সম্মানে "কোলরিজ ওয়ে" রাখা হয়েছে।

১৮১৬ সালে প্রকাশিত কাব্যসংগ্রহ *ক্রিস্টাবেল*, *কুবলা খান*, *অ্যান্ড দ্য পেইনস অফ স্লিপ*-এর ভূমিকায় কোলরিজ লিখেছেন, কিভাবে তিনি কবিতাটি রচনা করেছিলেন:

১৭৯৭ সালের গ্রীষ্মে লেখক অসুস্থ ছিলেন। সেই সময় থেকে সমারসেট ও ডেভনশায়ারের এক্সমুর এলাকার পোরলক ও লিনটনের মধ্যবর্তী একটি নির্জন খামারবাড়িতে তিনি বিশ্রাম করছিলেন। অসুস্থতার প্রেক্ষিতে সামান্য অ্যানোডাইন নেওয়ার উপদেশ দিয়েছিলেন চিকিৎসক। এরই প্রভাবে লেখক 'পারপ্যাসেস'স পিলগ্রিমেজ' বই থেকে নিম্নলিখিত লাইনগুলি পড়তে পড়তে চেয়ারে বসেই ঘুমিয়ে পড়েন: 'এখানে কুবলা খান একটি প্রাসাদ ও রাজকীয় বাগান নির্মাণের আদেশ দেন: তাই দশ মেইল উর্বর জমি পাঁচিল দিয়ে ঘিরে দেওয়া হয়।' লেখক কয়েক ঘণ্টা গভীর ঘুমে মগ্ন ছিলেন। এই সময় বাহ্যিক জগতের সঙ্গে তাঁর কোনো যোগ ছিল না। এই ঘুমের মধ্যেই তিনি অন্তত দুশো থেকে তিনশোটি লাইন রচনা করেন। আসলে ঘুম থেকে ওঠার আগে অবধি যা যা তিনি স্বপ্নে অনুভব করেছিলেন, তাকেই যদি লাইন বলা চলে, তাহলে তাই তিনি স্বপ্নে দেখেন। ঘুম থেকে ওঠার পড়েও নিদ্রিত অবস্থায় তিনি যা দেখেছিলেন তার স্পষ্ট স্মৃতি তাঁর মধ্যে জাগরুক ছিল। কলম, কালি ও কাগজ নিয়ে তিনি তক্ষুনি সাগ্রহে বসে লাইনগুলি লিপিবদ্ধ করতে শুরু করেন। এই সময় দুর্ভাগ্যবসত পোরলক থেকে একজন কাজের সূত্রে এসে উপস্থিত হন এবং লেখককে এক ঘণ্টারও বেশি সময় আটকে রাখেন। পরে নিজের ঘরে ফিরে এসে লেখক যখন দেখেন তাঁর স্মৃতির খুব অল্প ও অস্পষ্ট অংশই তাঁর মনে আছে, তখন তিনি অবাক হননি। মাত্র আট-দশ লাইনই তাঁর মনে

ছিল। বাকি সব দৃশ্যের স্মৃতি নদীর শ্রোতে নুড়িপাথর যেমন ভেসে যায়, তেমনি ভেসে গিয়েছিল। হায়! এই লাইনগুলি ছাড়া কিছুই আর মনে ছিল না: মনে যেটুকু স্মৃতি অবশিষ্ট ছিল তা দিয়ে লেখক বার বার চেষ্টা করেছেন, মূল রচনাটি সমাণ্ড করতে। তবে সেই কাজ এখনও শেষ করা যায়নি।

Kubla Khan

Or, a vision in a dream. A Fragment.

In Xanadu did Kubla Khan
 A stately pleasure-dome decree:
 Where Alph, the sacred river, ran
 Through caverns measureless to man
 Down to a sunless sea.
 So twice five miles of fertile ground
 With walls and towers were girdled round;
 And there were gardens bright with sinuous rills,
 Where blossomed many an incense-bearing tree;
 And here were forests ancient as the hills,
 Enfolding sunny spots of greenery.

But oh! that deep romantic chasm which slanted
 Down the green hill athwart a cedarn cover!
 A savage place! as holy and enchanted
 As e'er beneath a waning moon was haunted
 By woman wailing for her demon-lover!
 And from this chasm, with ceaseless turmoil seething,
 As if this earth in fast thick pants were breathing,
 A mighty fountain momentarily was forced:
 Amid whose swift half-intermitted burst
 Huge fragments vaulted like rebounding hail,
 Or chaffy grain beneath the thresher's flail:
 And mid these dancing rocks at once and ever
 It flung up momentarily the sacred river.
 Five miles meandering with a mazy motion
 Through wood and dale the sacred river ran,
 Then reached the caverns measureless to man,

And sank in tumult to a lifeless ocean;
And 'mid this tumult Kubla heard from far
 Ancestral voices prophesying war!
 The shadow of the dome of pleasure
 Floated midway on the waves;
Where was heard the mingled measure
 From the fountain and the caves.
 It was a miracle of rare device,
A sunny pleasure-dome with caves of ice!

 A damsel with a dulcimer
 In a vision once I saw:
 It was an Abyssinian maid
And on her dulcimer she played,
 Singing of Mount Abora.
 Could I revive within me
 Her symphony and song,
To such a deep delight 'twould win me,
 That with music loud and long,
 I would build that dome in air,
 That sunny dome! those caves of ice!
And all who heard should see them there,
And all should cry, Beware! Beware!
 His flashing eyes, his floating hair!
 Weave a circle round him thrice,
And close your eyes with holy dread
 For he on honey-dew hath fed,
 And drunk the milk of Paradise.



3. P.B. Shelley: (1792-1822)

- Revolutionary Poet
- Lyrical Poet/ Poet of Wind
- Poet of Hope and Regeneration

পুরো নাম: Percy Bysshe Shelley; ১৮১০ সালে ভর্তি হন অক্সফোর্ড ইউনিভার্সিটি কলেজে। তাঁর মাথায় তখন সমাজের প্রচলিত ধ্যানধারণা ও ধর্মচিন্তা সম্পর্কে বিরূপ চিন্তাভাবনা কাজ করে। তখনই বন্ধুত্ব হয়ে উঠে টমাস জেফারসন হগের সাথে। তাই কিছু দিন পর দু'জন মিলে লিখে ফেলেন *দি নেসেসিটি অব এথেনইজম* বা নাস্তিকতার প্রয়োজনীয়তা নামে একটি গ্রন্থ। তখনকার সময়ে ধর্মবিরোধীদের প্রচুর শাস্তি দেয়া হতো। তাই এই গ্রন্থ প্রকাশ করার কারণে ১৮১১ সালে শেলি ও হগ দু'জনই বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত হলেন। শেলির বাবা তাঁকে ত্যাজ্যপুত্র ঘোষণা করেন। পরিবার থেকে পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে যান তিনি। ফলে জীবনের বাকি সময়গুলো খুব সংগ্রাম করে কাটাতে হয়।

- ✓ He was expelled from Oxford University for atheism (নাস্তিকতা).
- ✓ He liked Keats very much, তার পকেটে সব সময় Keats এর কবিতা থাকত।
- ✓ Shelley was drowned while he was crossing the Adriatic Sea. (মাত্র ৩০ বছর বয়সে ১৮২২ সালের ৮ জুলাই **ইতালির পিসায়** কবি বায়রন ও হান্টের সাথে দেখা করার পর নৌকা নিয়ে বাড়ি ফেরার পথে ঝড়ের কবলে পড়ে এ মহান কবি ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।)
- ✓ তার অসমাপ্ত গ্রন্থ: The Triumph।
- ✓ **Jibonanondo Das** is often called the Shelly of Bangladesh.



The Funeral of Shelley by Louis Édouard Fournier (1889). Pictured in the centre are, from left, Trelawny, Hunt, and Byron. In fact, Hunt did not observe the cremation, and Byron left early. Mary Shelley, who is pictured kneeling at left, did not attend the funeral.

Famous books of Shelley:

1. **The Revolt of Islam** (কবিতা; তবে *The Spirit of Islam* লিখেছেন- সৈয়দ আমীর আলী)
2. A Defense of Poetry (সাহিত্য সমালোচনা গ্রন্থ)
3. The Necessity of Atheism (এটির জন্যই তিনি Oxford থেকে বহিষ্কৃত হন)
4. **Prometheus Unbound** (a four act play/tragedy)

প্রমিথিউস আনবাউন্ড গীতিনাট্যটিতে ঈশ্বর জিউসের সাথে দেবতা প্রমিথিউসের বিদ্রোহ দেখা যায়। গ্রিক পুরাণের ঘটনা অনুযায়ী, আদিম যুগে আগুন শুধু স্বর্গের দেবতারাই ব্যবহার করতেন। পৃথিবীতে আগুন ছিল না। জিউসের বারণ সত্ত্বেও দেবতা প্রমিথিউস স্বর্গ থেকে আগুন বয়ে এনেছিলেন পৃথিবীতে মানব কল্যাণের জন্য। তার শাস্তিস্বরূপ জিউস তাঁকে শেকলে আবদ্ধ করে রেখেছিলেন। সেই বিদ্রোহের ঘটনা শেলি দারুণভাবে ছন্দের সাহায্যে ব্যাখ্যা করেছেন। (তবে *Father of Greek Literature* খ্যাত *Aeschylus* এর দুটি বিখ্যাত নাটক: 1. *Prometheus Bound* 2. *Agamemnon*)



জিউসের নির্দেশে প্রমিথিউসের কলিজা ভক্ষন করছে ঈগল। ১৬৪০ সালের চিত্রকর্ম

5. Cenci (একটি Tragedy)

6. **Adonais** (কাব্যগ্রন্থ: একটি elegy, বন্ধু Keats এর মৃত্যু নিয়ে লেখা)

সে সময়ের অন্যতম রোমান্টিক কবি কিটসের মৃত্যু হলে তিনি ‘এডোনাইস’ নামে এই বিশাল এলিজি বা শোকগাথা লিখেন। সেখানে তিনি কিটসের প্রশংসা করেছেন। প্রকৃতি যেন কিটসের মৃত্যুতে শোকাহত। সবাই শোকে কাতর হয়ে গিয়েছিল। দারুণ সব উপমার সাহায্যে এঁকেছেন শোকাবহ দৃশ্য। অন্যতম সেরা রোমান্টিক কবি বায়রনকেও হাজির করেছিলেন কিটসের অন্ত্যেষ্টিক্রিয়ায়।

Famous poems of P.B. Shelley:

a) **Ode to the West Wind** (পশ্চিমা সমীরণের গান: তিনি পশ্চিমা বায়ুকে destroyer and preserver হিসেবে আখ্যায়িত করেছেন। পৃথিবীর সকল জীর্ণ, পুরাতন, জঞ্জাল ভাসিয়ে নেয়ার জন্য কবি পশ্চিমা বায়ুকে আহবান জানান)

b) **Ozymandias** (a sonnet; ওজাইমেডিয়াস: ফেরাউন; এই ফেরাউনের নাম Ramses-II)

I met a traveller from an antique land,
 Who said—“Two vast and trunkless legs of stone
 Stand in the desert. . . . Near them, on the sand,
 Half sunk a shattered visage lies, whose frown,
 And wrinkled lip, and sneer of cold command,
 Tell that its sculptor well those passions read
 Which yet survive, stamped on these lifeless things,
 The hand that mocked them, and the heart that fed;
 And on the pedestal, these words appear:
 My name is Ozymandias, King of Kings;
 Look on my Works, ye Mighty, and despair!
 Nothing beside remains. Round the decay
 Of that colossal Wreck, boundless and bare
 The lone and level sands stretch far away.”



- c) Queen Mab (প্রথম দীর্ঘ কবিতা)
 d) The Cloud
 e) Alaster (তার আত্মজীবনী)
 f) **Ode to a Skylark** (ভরতপক্ষীর গান)



স্কাইলার্ক চড়াইয়ের মতো দেখতে এক ধরনের পাখি। কবি এর গানকে চাঁদের আলোর সাথে তুলনা করেন। এর গান থেকে কবি নিজ আত্মার প্রেরণা নেন। মনে ইচ্ছা পোষণ করেন এই পাখিটির অর্ধেক আনন্দও যদি তিনি লাভ করতে পারতেন! কিন্তু পাখিটির মতো মানুষের মন এতটা প্রাঞ্জল নয়। শত দুঃখ-কষ্ট সত্ত্বেও মানুষ হাসে। তবে তার পেছনে যেন মনের লুকানো বেদনাই প্রকাশ পায়।

- g) **When Soft Voices Die** (তবে Two Voices লিখেছেন কবি Tennyson)
 h) The Masque of Anarchy (তবে Culture & Anarchy লিখেছেন Matthew Arnold)

Famous quotes of P B Shelley:

i) Oh! Lift me as wave, a leaf, a cloud! (এটি *Apostrophy* এর উদাহরণ)*See at page 217
 I fall upon the thorns of life. (*Ode to the West Wind*)

ii) **If winter comes** (“যদি শীতকাল আসে, বসন্ত কি দূরে রহে?” অর্থাৎ-
Can spring be far behind? দুঃখের পরেই সুখ আসে- *Ode to the West Wind*)

iii) Poets are the unacknowledged legislators of the world.
 (কবিগণ বিশ্বের অস্বীকৃত আইন প্রণেতা)

iv) We look before and after and pine for what is not.
 (আমরা অতীত-ভবিষ্যতের দিকে তাকাই, আর কী আমাদের নেই তা নিয়ে শুধু হায়-ছতাশ করি)

v) Fear not the future, weep not for the past.

vi) **My name is Ozymandias, King of kings.** (এটি *Irony* এর উদাহরণ) *See at page 224

vii) **Our sweetest songs are those that tell of saddest thought.**
 (বিরহের গান মধুর গান, *Ode to a Skylark*)

viii) The more we study, the more we discover our ignorance.

মনে রাখুন: কবি P B Shelley'র স্ত্রী **Mary Shelley**'র বিখ্যাত Novel এর নাম **ফ্রাঙ্কেনস্টাইন**। উপন্যাসটির নাম *Frankenstein: or, The Modern Prometheus* হলেও ফ্রাঙ্কেনস্টাইন নামে সমধিক পরিচিত। **কাহিনী সংক্ষেপ:** এক জার্মান গবেষক, ফ্রাঙ্কেনস্টাইন নিরলস গবেষণার মাধ্যমে একটি বিশেষ ধরনের বিজ্ঞান আয়ত্ত করতে সমর্থ হয়। যার মাধ্যমে মৃত ব্যক্তির মধ্যে প্রাণসঞ্চার করা সম্ভব। সে তার এই পরীক্ষাটি এক মৃত ব্যক্তির উপর করলে মৃত ব্যক্তি ঠিকই বেঁচে উঠে, কিন্তু পরিনত হয় এক ভয়ঙ্কর দানবে। প্রচলিত শক্তিশালী এই দানবটি দেখতে কুৎসিত। ফ্রাঙ্কেনস্টাইন ভয় পেয়ে এই দানবের প্রতি অত্যন্ত দুর্ব্যবহার করলে দানবটি হিংস্র হয়ে ফ্রাঙ্কেনস্টাইনের প্রতি প্রতিশোধ গ্রহণের সংকল্প করে। সে বনে গিয়ে আশ্রয় নেয়। তার প্রতিশোধ সে শুরু করে ফ্রাঙ্কেনস্টাইন এর সহকারী ড. নীল ও একজন আয়া হত্যার মাধ্যমে। এতপর সে হত্যা করে তার সৃষ্টিকর্তার ভাইকে। তখন সে বনে আশ্রয় নেয় এবং শত শত সাধারণ লোক হত্যা করে। সে ফ্রাঙ্কেন এর বিষের রাতে আবারো হত্যা করে তার স্ত্রীসহ তার পরিবারের বাকী সদস্যদের। ফ্রাঙ্কেনস্টাইন তাকে হত্যার জন্য ধাওয়া করতে থাকেন। এক পর্যায়ে সে ক্লান্ত হয়ে মারা যায়। ফ্রাঙ্কেনস্টাইন মারা যাবার পর সে আত্মহত্যার চিন্তা করে হারিয়ে যায়। পরে আর তাকে কখনও দেখা যায়নি। **মূল বিষয়:** মানুষ অপরিণামদর্শী হলে তার সৃষ্টির হাতেই তার নিজের বিনাশ ঘটে।

4. John Keats: (1795-1821)

Titles: 1. Poet of beauty

2. Poet of sensuousness

(কারণ তার কবিতা পাঠ করলে পাঠকের five senses জাগ্রত হয়)

3. A death hunted poet (কাব্যিক জীবন ছিল ৫ বছর)

4. The youngest poet of English literature

- He was also a **physician**, surgeon and doctor. তার ক্ষুদ্র জীবনে নিজ চোখে বাবা-মা, দুই ভাই সহ পরিবারের ৫ সদস্যকে যক্ষ্মায় মৃত্যুবরণ করতে দেখেছেন।
- তার কবিতার কিছু বৈশিষ্ট্য- Escapism, Negative capability, Hellenism ইত্যাদি।
- **He died of Tb (Tuberculosis), at age of 26 in Rome of Italy.**
- Keats ও আফিম খেতেন। তবে Coleridge এর মতো Addicted ছিলেন না।
- কবি জন কীটস সম্পর্কে Shelley বলেছেন “**Keats was a Greek.**”



নিজ জীবনের উপর হতাশ কবি কীটস মৃত্যুর পূর্বে তাঁর সমাধির উপর যে স্মৃতি লেখা উৎকীর্ণ হবে তা তিনি রচনা করে যান। তা হলো '**Here lies one whose name was writ in water.**' (এখানে শায়িত আছেন এমন একজন যার নাম জলরেখায় লিখিত ছিল)। কিন্তু না, কালের আবর্তন তাকে ধাস করতে পারেনি। ইতিহাসের পাতায় জ্যোতির্ময় অক্ষরে তার নাম লেখা হয়ে গেছে।

Famous sonnet: On First Looking into Chapman's Homer

(মূলত কবি Homer এর মহাকাব্যগুলোর প্রথম ইংরেজি অনুবাদ করেছিলেন জর্জ চ্যাপম্যান) *See at page 30

Famous books of poems:

1. Endymion
2. Hyperion
3. Lamia



Ode on a Grecian Urn
By: John Keats



Famous Poems:

1. Ode to a Nightingale
2. Ode on a Grecian Urn (প্রাচীন গ্রিসের একটি পাত্র;
a piece of ancient Greek sculpture)
3. Ode to Autumn
4. Ode on Melancholy
5. Ode to Psyche
6. Ode to Fancy
7. Isabella

মনে রাখুন:

- ❖ মিশরিয় নারী উম্মে কুলসুমকে আরবের নাইটিঙ্গেল বলা হয়।
- ❖ ভারতের মহিলা কবি সরোজিনী নাইডোকে নাইটিঙ্গেল অব ইন্ডিয়া (ভারতের কোকিল) বলা হয়।
- ❖ আর ইতালিয় নারী ফ্লোরেন্স নাইটিঙ্গেলের উপাধি হলো 'Lady with the lamp'।

Famous quotes of Keats:

i. **Beauty is truth, truth beauty.** (*Ode on a Grecian Urn*)

ii. A thing of beauty is a joy forever. (*Endymion*)

iii. **Heard melodies are sweet but those unheard are sweeter.**

(ভাবার্থ: মানুষ অজানাকে জানতে চায়; *Ode on a Grecian Urn*)

iv. 'My heart aches, and a drowsy numbness pains. My sense, as though of hemlock I had drunk.' (আমার হৃদয়ে ব্যথা করছে, নিদ্রাতুর এক বিবশতা পীড়া করছে আমার ইন্দ্রিয়গুলোকে, যেন আমি পান করেছি হেমলক- *Ode to a Nightingale*)

v. "Where are the songs of spring? Aye, where are they?"

Think not of them, thou hast thy music too." (*Ode to Autumn*)

Keats এর মতে, 'If poetry comes not as naturally as the leaves to a tree it had better not come at all.' (গাছের মধ্যে যেভাবে পাতা গজায়, সেভাবে কবির ভেতর থেকে স্বতঃস্ফূর্তভাবে কবিতা না আসলে, তা বরং না আসাই ভালো)



জন কিটসের সমাধিক্ষেত্রের এপিট্যাফ—'এখানে যে শুয়ে আছে জলে লেখা তাঁর নাম'

5. William Blake: (1757-1827)

- He was both poet and painter
- তিনি Neo-classical period থেকে লেখালেখি শুরু করেছিলেন। এ জন্য অনেকেই তাকে Neo classical period এর লেখক মনে করেন।



William Blake

Books of poems:

- i. Songs of Innocence
- ii. Songs of Experience

"Innocence" and "Experience" are definitions of consciousness that rethink Milton's existential-mythic states of "Paradise" and "Fall". Often, interpretations of this collection centre around a mythical

dualism, where "Innocence" represents the "unfallen world" and "Experience" represents the "fallen world".

(তবে *Songs of Blood and Sword* গ্রন্থটি লিখেছেন পাকিস্তানের ফাতিমা ভূট্টো)

iii. Milton: A Poem (তবে *On Shakespeare* নামে Elegy লিখেছেন মিলটন)

➤ **Famous book:** Marriage of Hell and Heaven (A theological book)

➤ **Famous quotes:**

i. The road of excess leads to the palace of wisdom.

ii. All pray in their distress.

iii. Little lamb, who made thee?

iv. It is easier to forgive an enemy than to forgive a friend.

(বন্ধুর চেয়ে শত্রুকে ক্ষমা করা সহজ)

6. Charles Lamb: (1775-1834)

➤ He has never married. (চিরকুমার ছিলেন)

➤ He was also a famous essayist.

➤ তিনি Elia ছদ্মনামে (Pen-name) লিখতেন।

➤ **Famous books:**

i. The Essays of Elia

ii. The Last Essays of Elia

iii. **Tales from Shakespeare** (a children's book; এই শিশুতোষ

গ্রন্থটি তিনি এবং তার বোন Mary Land যৌথভাবে ১৯০৭ সালে রচনা করেন)

➤ **Famous poem:** The Old Familiar Faces



7. William Hazlitt:

➤ A famous critic and essayist

➤ উইলিয়াম হাজলিট রোমান্টিক যুগ সম্পর্কে বলেছেনঃ

"It was a time of promise, a renewal of the world and of letters."

(এটা ছিল প্রতিশ্রুতির সময়, বিশ্বের নতুনত্বের সময়, আর শিক্ষা দীক্ষার সময়)



Books:

1) **The Spirit of Age**


2) **The Dramatic Literature of the Age of Elizabeth**

Quotes:

1) Poverty is the test of civility and the touchstone of friendship.

(অভাব হলো সততার পরীক্ষা এবং বন্ধু চেনার কষ্টিপাথর)

2) Prejudice is the child of ignorance. (কুসংস্কার হচ্ছে অজ্ঞতার ফল)



Spirit শব্দ দিয়ে আরো তিনটি বিখ্যাত বই:

1. **The Spirit of Islam:** Sir Sayed Ameer Ali

2. **Spirit of Nations:** ভলতেয়ার (ফরাসি দার্শনিক)
3. **The Spirit of Capitalism:** Max Waver (তিনি আমলাতন্ত্রের জনক; তার অন্য গ্রন্থ: The Protestant Ethics)

8. Lord Byron: (1788-1824)



- **George Gordon Lord Byron**
 - তিনি ৩৬ বছর বয়সে গ্রিসের মেসলঙ্গি থাকা অবস্থায় জ্বরে আক্রান্ত হয়ে মারা যান।
 - **Title: Rebel Poet** (বিদ্রোহী কবি)
(Nazrul is the rebel poet of Bengali Literature)
 - বায়রন বাইপোলার আই ডিসঅর্ডার এবং ম্যানিক ডিপ্রেশনে ভুগতেন।
 - তিনি উসমানীয় সাম্রাজ্যের বিরুদ্ধে Greece এর স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন।
- তাই Greek রা তাকে National Hero হিসেবে গণ্য করেন।
- মাইকেল মধুসূদন দত্ত লর্ড বায়রনের বিশেষ অনুরাগী ভক্ত ছিলেন। (See at page 167)

Famous books of Byron:

1. The Vision of Judgement
2. Hours of Idleness
3. Heaven and Earth



Famous poem: **Child Harold's Pilgrimage**

Famous epic: **Don Juan** (ডন জোয়ান)- এটি একটি epic satire

Don Juan এর চরিত্রাবলি: Don Alfonso, Don Juan, Donna Julia etc.

বায়রনের বিখ্যাত গীতি কবিতা: She walks in beauty like the night.

Famous quotes:

1. **Man's love is of man's life a thing apart,
'Tis (It is) woman's whole existence. (Don Juan)**
(ভালোবাসা পুরুষের জীবনে অনেক কাজের মাঝে একটি কাজ।
তবে নারীর ক্ষেত্রে এটি সমগ্র অস্তিত্ব)
2. Revenge is sweet especially to women.
3. Man's conscience is the oracle of God. (মানুষের বিবেক শ্রুতির দৈববানী)

Byronic hero

A **Byronic hero** is a type of fictional character who is a moody, brooding rebel, often one haunted by a dark secret from his past.

একজন বায়রনিক নায়ক হল এক ধরনের কাল্পনিক চরিত্র যিনি একজন বিষণ্ণ, উদ্ভিন্ন বিদ্রোহী, এবং যিনি তার অতীতের একটি অন্ধকার রহস্য দ্বারা ভূতুড়ে থাকেন। রোমান্টিক কবি লর্ড

বায়রনের নিজস্ব ব্যক্তিত্ব এবং তার লেখার চরিত্র উভয়ই চরিত্রের ধরণে সংজ্ঞায়িত বৈশিষ্ট্য প্রদান করে বলে মনে করা হয়।

বায়রন কন্যা প্রসঙ্গ:

Cambridge বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক Charles Babbage 1822 সালে Difference Engine এবং ১৮৩৩ সালে Analytical Engine এর নকশা তৈরি করেন। যা থেকে Modern Computer এর উদ্ভব হয়। এই Analytical Engine এর Software প্রয়োজন হতো। এই Software তৈরির জন্য Babbage কবি Byron এর কন্যা Lady Ada Augusta Lovelace কে নিয়োগ দেন।

- Lady Ada পৃথিবীর প্রথম কম্পিউটার প্রোগ্রামার।
- বাংলাদেশের প্রথম কম্পিউটার প্রোগ্রামার: হানিফ উদ্দীন মিয়া
- কম্পিউটার প্রোগ্রামিং এর ভাষা Ada তার নামানুসারে নামকরণ করা হয়েছে।

9. Jane Austen: (জেইন অস্টিন; 1775-1817)

➤ **An anti-romantic female novelist of the Romantic Period**

➤ অষ্টাদশ ও উনবিংশ শতকের মিলনস্থলে, ইউরোপে নেপোলিয়নীয় যুদ্ধের উত্তাল সময়ে এই মহিষী লেখিকার জন্ম হয় একেবারে অগোচরেই। মাত্র ২২ বছর বয়সে লেখা তার **প্রাইড এন্ড প্রিজুডিস** উপন্যাসটি অদ্যাবধি ২০ লক্ষ কপির বেশি বিক্রি হয়েছে। কিন্তু তাকে এক যুগ অপেক্ষা করতে হয়েছিল নভেলটিকে আলোর মুখ দেখানোর জন্য। মাত্র ৪২ বছরের (১৭৭৫-১৮১৭) ক্ষুদ্র জীবনে ছয়টির মতো নভেল লিখেন। খ্রিস্টান পাদ্রীর এই মেয়েটি বেশিরভাগ সময়ই ঘটনাহীন জীবন কাটিয়ে দিয়েছেন দক্ষিণ ইংল্যান্ডের গ্রাম-শহরগুলোতে বসবাস করে। নভেলের থিমগুলোও তার জানাশুনা জগত থেকেই নেয়া। প্রেম, বিয়ে এবং উপযুক্ত পাত্র-পাত্রী খুঁজে পাওয়া পর্যন্তই। অর্জিনিয়া ওল্ফ পরবর্তীতে সেটা ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন, একজন মধ্যবিত্তের ড্রয়িংরুমে যেসব কাহিনীর সূত্রপাত হয় তার বাহিরে যেতে পারেননি জেন অস্টিন। কিন্তু কালের পরিক্রমায় নভেলের মহারানীর আসনে স্থান পেতে থাকেন জেন অস্টিন। তার অসমাপ্ত উপন্যাসের নাম: **Sandition**।

Novels:

1. **Pride and Prejudice** (চরিত্র: Mr. Darcy; Elizabeth Bennet -protagonist)

(এটি একটি domestic novel)

2. **Sense and Sensibility**
3. Emma
4. Mansfield Park
5. Persuasion
6. Northanger Abbey



Famous quote:

A lady's imagination is very rapid; it jumps from admiration to love, from love to matrimony (বিবাহ) in a moment. (নারীদের কল্পনাশক্তি অত্যন্ত গতিশীল। প্রশংসা করতে গিয়ে মুহূর্তে প্রেমে পড়ে যায় এবং প্রেম থেকে মুহূর্তেই বিয়ের বিষয়টাও ভেবে ফেলে)

– Pride and Prejudice

10. Alexander Pushkin: (1799-1837)

- ✓ Father of Modern Russian Literature (রুশ সাহিত্যের আধুনিকতার জনক)
- ✓ **National Poet of Russia** (রাশিয়ার জাতীয় কবি)
- ✓ তার বিখ্যাত গ্রন্থ:
 - a) Boris Godunov (বরিস গোদুনভ; উপন্যাস)
 - b) Eugene Onegin (ছন্দে রচিত উপন্যাস)



11. হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও: (1808-1832)

- তিনি ইউরোপীয় চিন্তাবিদ। তার শিষ্যদের ইয়ং বেঙ্গল (ইংরেজ ভাবধারাপুষ্ট বাঙালি যুবক) বলা হয়।
- মাত্র ১৭ বছর বয়সে কলকাতার প্রেসিডেন্সি কলেজে (তৎকালীন হিন্দু কলেজ) ইংরেজি সাহিত্য ও ইতিহাসের শিক্ষক হন। তার প্রধান গ্রন্থ: **The Fakeer of Jungkeera**।
- ১৮২৮ খ্রিষ্টাব্দে 'একাডেমিক এসোসিয়েশন' নামে একটি সংগঠন গড়ে তোলেন।
- ১৮৩১ সালে তার সম্পাদিত বাংলা পত্রিকা 'জ্ঞানাবেষণ'; ইংরেজি পত্রিকা 'এনকোয়ারার'। ১৮৩২ সালে তাকে হিন্দু কলেজ থেকে বহিষ্কার করা হয় এবং মাত্র ২২ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন।

'Your nature is your future'

**A meaningful silence is better than thousands of
meaningless words.**